## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির  সভার কার্য বিবরণী ঃ-

সভাপতি ঃ মোছাঃ আন্জুমনোয়ারা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
ফুলছড়ি,গাইবান্ধা।
সভার তারিখ ঃ ২৬/১২/২০২২খ্রি
সভার সময় ঃ-সকাল ১১ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।

উপস্থিতি অনুযায়ী হাজিরা "ক" পরিশিষ্ট

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে আলোচনা করেন। তিনি বলেন, প্রতি মাসে কোন না কোন ইউনিয়নে উঠান বৈঠকের মাধ্যমে নারী ও শিশু উন্নয়ন এবং নারী নির্যাতন, যৌতুক সমন্ধে আলোচনা করে থাকেন। তিনি আরো বলেন, বর্তমানে বাল্য বিবাহের কারণে মহিলা উন্নয়ন ব্যাহত হচ্ছে তাই বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়ে স্কুল,কলেজ, মাদ্রাসা এবং প্রত্যেক পরিবারের অভিভাবকদের মধ্যে সচেতনতা সৃষ্টির করা গেলে মহিলা উন্নয়নের পথ সুগোম হবে বলে আশাবাদ ব্যাক্ত করেন।

গজারিয়া ইউনিয়নের চেয়ারম্যান বলেন, তিঁনি গ্রাম্য সালিশ এবং বিভিন্ন এনজিও গুলির আয়োজন সভায় নারী উন্নয়নের ক্ষেত্রে নারী শিক্ষার প্রসার ও ঝরে পরা ছেলে মেয়েদের স্কুলগামী করতে উপস্থিত সকলকে আহবান জানান। কারণ একটি দেশের উন্নয়নের মূলধারা নারী শিক্ষা এবং শিশুরাই আগামী দিনের ভবিষ্যৎ।

সভাপতি মহোদয় বলেন যেহেতু চেয়ারম্যান সাহেবদের তৃণমূল পর্যায়ে বিচরণ সেহেতু নারী ও শিশু উন্নয়নে তাঁদের ভূমিকা অপরিসীম। তাই তিঁনি শিশু উন্নয়নে চেয়ারম্যানগণদের সহযোগীতার হাত আরো জোরদার করার অনুরোদ জানান।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ আন্জুমনোয়ারা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ফুলছড়ি,গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ফুলছড়ি,গাইবান্ধা।

স্মারক নং ঃ- ৩২.০১.৩২২১.০০০.১৪.০০১.২২-২৭৮

তারিখ ঃ- ২৬/১২/২০২২ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ফুলছড়ি,গাইবান্ধা।
২। উপজেলা নির্বাহী অফিসার,ফুলছড়ি,গাইবান্ধা।

(মোছাঃ পাপিয়া সুলতানা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ফুলছড়ি,গাইবান্ধা।